




গণতন্ত্রবিরোধীদের সঙ্গে কোনো আপস নয়: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

যারা গণতন্ত্রকে হত্যা করে, তাদের সহাবস্থানের সুযোগ দেওয়া যাবে হবে না বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেছেন, "সকলের কথা বলার অধিকার আছে, তবে হত্যাকারীর কথা বলার অধিকার নেই।"

শুক্রবার (১৯ জুন) সন্ধ্যায় রাজধানীর শিল্পকলা একাডেমির আর্ট গ্যালারিতে এক আর্ট-এক্সিবিশন পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন।

বিগত ফ্যাসিস্ট সরকারের সমালোচনা করে বিএনপি নেতা রিজভী বলেন, ডিএনএ-এর মধ্যে যদি ফ্যাসিবাদ থাকে তবে সেখান থেকে তাদের মুক্ত করা যাবে না। ফ্যাসিবাদের আমলে রাজনৈতিক দল নিশ্চিহ্ন করার চেষ্টা করা হয়েছে বলেও অভিযোগ করেন তিনি।

রিজভী আরও বলেন, "বিগত ফ্যাসিস্ট শাসনের আমলে দেশের বিরোধী রাজনৈতিক দলগুলোকে পুরোপুরি নিশ্চিহ্ন করে দেওয়ার সুপরিকল্পিত অপচেষ্টা চালানো হয়েছিল।" অনুষ্ঠানে বিএনপির স্থানীয় নেতাকর্মী ও সাধারণ দর্শনার্থীরা উপস্থিত ছিলেন।